# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/প্রঃব্যাংক/০১/৪৬৮ তারিখ : ০৩-০৭-২০১৯ খ্রি.

বিষয় : প্রশ্ন ব্যাংকের প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ না করায় লিখিত ব্যাখ্যা দাখিল করা সংক্রান্ত

সূত্র : ক) এ বোর্ডের ০৭-০৫-২০১৯ তারিখের পনি/প্রশ্নব্যাংক-০২/৪৫৪ নং স্মারকপত্রে প্রকাশিত অর্ধ-বার্ষিক ও প্রাক-নির্বাচনি পরীক্ষা গ্রহণ সময়সূচি
খ) দৈনিক গ্রামের কাগজে ০১-০৭-২০১৯ তারিখের প্রকাশিত সংবাদ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে সূত্র "ক" মোতাবেক বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে সকল বিদ্যালয়ে অর্ধ-বার্ষিক ও প্রাক-নির্বাচনি পরীক্ষা যশোর বোর্ডের অন লাইন প্রশ্ন ব্যাংকের প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করার সুস্পস্ট নির্দেশনা রয়েছে। তদুপরি গত ০১-০৭-২০১৯ খ্রি. তারিখে দৈনিক "গ্রামের কাগজ" পত্রিকায় প্রকাশিত **"শিক্ষা বোর্ডকে বৃদ্ধাঙ্গুলি দেখালেন প্রধান শিক্ষক"** শীর্ষক সংবাদে পরিলক্ষিত হয় যে আপনার বিদ্যালয় উপরোক্ত নির্দেশনা অমান্য করে প্রশ্ন ব্যাংকের প্রশ্নপত্রের পরিবর্তে হুবহু গাইড বই থেকে প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করছেন। যা শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা ও বোর্ড কর্তৃক প্রদত্ত বিজ্ঞপ্তির পরিপন্থি।

এমতাবস্থায় উক্ত পত্রিকায় প্রকাশিত সংবাদ এবং প্রশ্ন ব্যাংকের প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ না করায় কেন আপনার বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে লিখিত ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে নিজে উপস্থিত হয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হ'ল।

০৩.৭.২০১৯

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০৪২১-৬৮৬৬৬
ই-মেইল: controller@jessoreboard.gov.bd

প্রাপক :
প্রধান শিক্ষক
নতুন খয়েরতলা মাধ্যমিক বিদ্যালয়
যশোর সদর, যশোর

অবগিতর জন্য

১। জেলা শিক্ষা অফিসার, যশোর
২। সভাপতি, ম্যানেজিং কমিটি
নতুন খয়েরতলা মাধ্যমিক বিদ্যালয়
যশোর সদর, যশোর
৩। অফিস নথি

সব পাঠকের প্রিয় দৈনিক
# গ্রামের কাগজ
দক্ষিণ-পশ্চিমাঞ্চলের একমাত্র ৮ পৃষ্ঠার দৈনিক

সোমবার
১ জুলাই ২০১৯ ইংরেজি
১৭ আষাঢ় ১৪২৬ বাংলা
২৭ শাওয়াল ১৪৪০ হিজরী

ডাঃ হাসান খালি
আন্তর্জাতিক কনফ
ডাঃ হাসান খালিদ মোঃ মুনির,আগ
১৯ইং তারিখ পর্যন্ত "আন্তর্জাতিক
কনফারেন্স" এ অংশ গ্রহনের জন্য
অবস্থান করায় উক্ত সময়ে চেম্বার ব
১৯ইং হতে যথারীতি চেম্বারে রোগী
বিঃদ্রঃ সাময়িক অসুবিধার জ

## কৃষক সংগ্রাম সমিতির হাটসভা

প্রেস বিজ্ঞপ্তি ॥ কৃষকের উৎপাদিত ধানের ন্যায্যমূল্য প্রদান, প্রস্তাবিত গণবিরোধী ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় বাজেট প্রত্যাখ্যান, সার,বীজ,কীটনাশকসহ কৃষি উৎপাদনের উপকরণের মূল্য কমানো ও কৃষকের সাত দফা দাবিতে বাংলাদেশ কৃষক সংগ্রাম সমিতি রামনগর ইউনিয়ন কমিটির উদ্যোগে সতীঘাটা বাজারে বিকাল সাড়ে ৫টায় সদস্য (২-এর পৃঃ ৮-এর কলামে)

## সুন্দরবনে আজ থেকে দু'মাস মাছ ধরা বন্ধ

বাগেরহাট প্রতিনিধি ॥ প্রজনন মৌসুম শুরু হওয়ায় সুন্দরবনের চার শতাধিক খালে আজ থেকে দুই মাস মাছ ধরা বন্ধ থাকবে। জীববৈচিত্র্য ও মৎস্যসম্পদ রক্ষায় এ সিদ্ধান্ত নিয়েছে বনবিভাগ।

বনবিভাগ জানায়, জুলাই ও আগস্ট মাসে পাস-পারমিট নিয়ে বনের অভ্যন্তরে খালে এক শ্রেণীর অসাধু জেলে জাল দিয়ে মাছ আহরণের আড়ালে বিষ প্রয়োগ করে চিংড়ি মাছ ধরে। কিন্তু ওই বিষে খালের মাছসহ জীববৈচিত্র্যের ব্যাপক ক্ষতি হয়। ফলে মাছ মরে খালের পানিতে ভেসে ওঠে। বিষে মরা মাছ খেয়ে অন্যান্য জীব-জন্তুও মারা যায়, এতে পরিবেশের ওপর বিরূপ প্রভাব পড়ে। এ কারণেই সুন্দরবন বনবিভাগ এ নিষেধাজ্ঞা জারি করেছে।

মৎস্য ব্যবসায়ী মাহবুবুর রহমান শেল বলেন, সুন্দরবনের খালে মাছ ধরা বন্ধ ঘোষণায় জেলেদের মধ্যে উদ্বেগ ছড়িয়ে পড়েছে। এই নিষেধাজ্ঞার কারণে অধিকাংশ জেলে নদীতে মাছ আহরণের সুযোগ থেকে বঞ্চিত হবে। নিষেধাজ্ঞার সময়ে জেলেদের জন্য সরকারের পক্ষ থেকে বিশেষ সহায়তা দেয়ার দাবি করেন তিনি।

সুন্দরবন পূর্ব বিভাগের শরণখোলা রেঞ্জের সহকারী বন সংরক্ষক জয়নাল আবেদিন জানান, সুন্দরবনে মাছের প্রজনন (২-এর পৃঃ ৮-এর কলামে)



রোববার যশোর পুলিশ সুপার মঈনুল হকের হাতে স্মারকলিপি প্রদান করেন জেলা জুয়েলারি সমিতির নেতৃবৃন্দ

## মাদকে ছয়লাব ইছালী

অভিজিৎ ব্যানার্জী

যশোরের ইছালী ইউনিয়ন এলাকায় সংঘবদ্ধ চিহ্নিত একটি মাদক সিন্ডিকেট দাপিয়ে বেড়াচ্ছে। তারা জমজমাট মাদক ব্যবসা করে এলাকার পরিবেশ নষ্ট করছে। এলাকার উঠতি বয়সী যুবক, এমনকি স্কুল কলেজ পড়ুয়া ছাত্ররাও স্বর্বস্বান্ত হচ্ছে। চক্রটির কেউ কেউ চাঁদাবাজি ছিনতাইসহ নানা সন্ত্রাসী তৎপরতার সাথেও জড়িত বলে অভিযোগ।

ডজনখানেকের ওই সিন্ডিকেটের অধিকাংশই এখন স্থানীয় ফাঁড়ির দারোগা নাজমুল ইসলামের সাথে সখ্যতা রেখে চলেছে। মাদক ব্যবসায়ী চক্রের এক জনের বাড়িতে দাওয়াত খেতে দেখা গেছে ওই দারোগাকে। স্থানীয় শান্তিপ্রিয় মানুষ দ্রুত মাদক ব্যবসায়ী চক্রকে আটক করার দাবি জানিয়েছেন।

পুলিশ যখন যশোরকে মাদকমুক্ত করার ঘোষণা দিয়েছে, তখন যশোরের ইছালী এলাকায় অপ্রতিরোধ্য স্টাইলে ইয়াবা, ফেনসিডিল গাঁজার রমরমা ব্যবসা চলছে বলে অভিযোগ আসছে। হাফ ডজন মাদক ব্যবসায়ী এখন প্রকাশ্যে। স্থানীয়রা জানিয়েছেন, এনায়েতপুরের (২-এর পৃঃ ৭-এর কলামে)

## অস্ত্রসহ গুলিবিদ্ধ মাদক কারবারী আটক

ঝিনাইদহ অফিস ॥ ঝিনাইদহে পুলিশের অভিযানে গুলিবিদ্ধ অবস্থায় মসিউর রহমান নামে এক মাদক কারবারীকে আটক করেছে পুলিশ। রোববার দুপুরে সদর উপজেলার খাজুরা মিস্ত্রিপাড়া থেকে তাকে গ্রেফতার করা হয়।

এসময় উদ্ধার করা হয়েছে ৫০ বোতল ফেন্সিডিল, একটি বিদেশী পিস্তল ও এক রাউন্ড গুলি। সে শহরের আরাপুরের সোনালীপাড়ার কাজী নুর হোসেনের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে (২-এর পৃঃ ৮-এর কলামে)





ঝিনাইদহে গুলিবিদ্ধ অবস্থায় মাদক ব্যবসায়ী গ্রেফতার, অস্ত্র গুলি ও মাদক উদ্ধার

শিক্ষাবোর্ডকে বৃদ্ধাঙ্গুলি দেখালেন প্রধান শিক্ষক

## নূতন খয়েরতলা স্কুলে হুবহু গাইডের প্রশ্নে পরীক্ষা!

এম. জিহাদ

অর্ধবার্ষিকী পরীক্ষায় বোর্ডের প্রশ্নকে তোয়াক্কা না করে হুবহু গাইডের প্রশ্নে পরীক্ষা নেয়ার অভিযোগ উঠেছে যশোরের নূতন খয়েরতলা মাধ্যমিক বিদ্যালয়ের বিরুদ্ধে। যশোর শিক্ষাবোর্ডের নির্দেশনা না মেনে বাণিজ্যে লিপ্ত এ বিদ্যালয়টি-অভিযোগ অভিভাবকদের। একই অভিযোগ আব্দুল গফুর একাডেমীর বিরুদ্ধেও। অনেক অভিভাবকের অভিযোগ, বই কোম্পানিগুলো যেন এ স্কুলগুলোর মালিক।

খোঁজ নিয়ে জানা যায়, গত ২২ জুন থেকে যশোর শিক্ষাবোর্ডের অধীনে ৬ষ্ঠ থেকে নবম শ্রেণির অর্ধবার্ষিকী ও দশম শ্রেণির প্রাকনির্বাচনী পরীক্ষা শুরু হয়েছে। প্রায় সব বিষয়ের প্রশ্ন সরবরাহ করছে যশোর শিক্ষাবোর্ড। কিন্তু এ নির্দেশনা মানছে না নূতন খয়েরতলা মাধ্যমিক বিদ্যালয় ও আব্দুল গফুর একাডেমী। তারা শুধুমাত্র অষ্টম ও দশম শ্রেণীর পরীক্ষা শিক্ষাবোর্ডে প্রশ্নে নিচ্ছে।

খয়েরতলা মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির বাংলা ১ম পত্র পরীক্ষার সৃজনশীল প্রশ্নের সাথে একটি বই কোম্পানির সৃজনশীল বাংলা গাইড মিলিয়ে দেখা যায়, পরীক্ষার ১১টি প্রশ্নের সাথে হুবহু মিল রয়েছে যথাক্রমে গাইডের ১৩ পৃষ্ঠার ৭নং প্রশ্ন, ৩৪ পৃষ্ঠার ৭নং, ৮৪ পৃষ্ঠার ৪নং, ১০৮ পৃষ্ঠার ২নং, ৩৩২ পৃষ্ঠার ৬নং, ৩৫৪ পৃষ্ঠার ৯নং, পরীক্ষার ৭নং ও ৩৮৭ পৃষ্ঠার ৩নং, ৬২৮ পৃষ্ঠার ৩নং, ৬৩৯ পৃষ্ঠার ২৪নং, ৬৮৬ পৃষ্ঠার ৫নং ও ৬৮৯ পৃষ্ঠার ১১নং প্রশ্নের। এছাড়া বহুনির্বাচনীর সবকয়টি প্রশ্ন ওই গাইড থেকে এসেছে। এছাড়া, নবম শ্রেণির পদার্থ বিজ্ঞানের সৃজনশীল প্রশ্নের সাথে মিল পাওয়া যায় যথাক্রমে ওই গাইডের ৪০ পৃষ্ঠার ১১নং, ৭৯ পৃষ্ঠার ৩১নং, ৬৭ পৃষ্ঠার ৮নং, ১২৯ পৃষ্ঠার ৭নং, ১৩৫ পৃষ্ঠার ১৮নং, ১৯৪ পৃষ্ঠার ৩নং, ২৮২ পৃষ্ঠার ৩০নং, ২৬৯ পৃষ্ঠার ৪নং প্রশ্নের। শুধু একটি বিষয় নয় ৬ষ্ঠ, ৭ম ও নবম শ্রেণীর সব বিষয়ের প্রতিটি সৃজনশীল ও বহুনির্বাচনী প্রশ্ন জননী গাইড থেকে হুবহু তুলে দেয়া হচ্ছে।

শিক্ষার্থীরা (২-এর পৃঃ ৭-এর কলামে)



ঝিনাইদহে হত্যা, বিস্ফোরক ও মাদক মামলায় ৭ জনের যাবজ্জীবন কারাদণ্ড

## ঝিনাইদহে দুই মামলায় ৭ জনের যাবজ্জীবন

ঝিনাইদহ প্রতিনিধি ॥ ঝিনাইদহে হত্যা, বিস্ফোরক ও মাদকের পৃথক দুই মামলায় ৭ জনকে যাবজ্জীবন কারাদ-দিয়েছেন আদালত। গতকাল রোবব-ার দুপুরে ঝিনাইদহের অতিরিক্ত দায়রা জজ প্রথম, দ্বিতীয় ও স্পেশাল ট্রাইব্যুনালের বিচারক এম জি আযম এ রায় ঘোষণা করেন।

দ-িতরা হলো-ঝিনাইদহ সদর উপজেলার হাজিডাঙ্গা গ্রামের মৃত আফজাল ম-লের ছেলে নাজিম উদ্দিন, মায়াধরপুর গ্রামের মজিবর ম-লের ছেলে আসমত আলী, শ্রীপুর গ্রামের মৃত হাজারী ম-লের ছেলে তক্কেল ম-ল ও কুটিদুর্গাপুর গ্রামের মৃত শরিফুল ইসলামের ছেলে নজরুল ইসলাম ভুটান, মহেশপুর উপজেলার মাইলবাড়ীয়া গ্রামের শরিফুল ইসলামের স্ত্রী আমেনা খাতুন, মফিজ উদ্দিনের মেয়ে রাবেয়া খাতুন ও খলিলুর রহমানের স্ত্রী মজিদা খাতুন।

মামলার বিবরণে জানা যায়, ২০০৯ সালের ১৫ এপ্রিল রাতে সদর উপজেলার মির্জাপুর গ্রামে আব্দুল গনিকে বোমা মেরে হত্যা করে পূর্ব বাংলা কমিউনিস্ট পার্টির সদস্যরা। এ ঘটনায় পরদিন নিহতের ভাই বাদী হয়ে সদর থানায় ৪ জনকে আসামি করে হত্যা ও বিস্ফোরক আইনে পৃথক দুটি মামলা দায়ের করেন। ওই বছরেই পুলিশ ৪ জনকে অভিযুক্ত করে আদালতে (২-এর পৃঃ ৮-এর কলামে)

## যশোরে ফেনসিডিল ও কাপড় উদ্ধার

কাগজ সংবাদ ॥ যশোর জেলা গোয়েন্দা শাখা ডিবি ও ৪৯ বিজিবি পৃথক অভিযানে ৩৩৩ বোতল ফেনসিডিল ও ৬৭ লাখ টাকার ভারতীয় কাপড় উদ্ধার করেছে। এছাড়া দু'মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। মাদক উদ্ধারে মামলা হয়েছে। ভারতীয় কাপড় কাস্টমসে জমা দেয়া হয়েছে।

৩০ জুন দুপুর ১২টা ৩৫ মিনিটে ডিবির অফিসার ইনচার্জ মারুফ আহমেদের নেতৃত্বে এসআই মুরাদ হোসেন ও এএসআই আলমগীর হোসেনসহ সংগীয় ফোর্স বেনাপোল এলাকায় মাদকদ্রব্য উদ্ধার ও চোরাচালান প্রতিরোধ অভিযান পরিচালনা করেন। এসময় গাজীপুর এলাকার ৬ নাম্বার গোডাউনের গেটের সামনে পাকা রাস্তার উপর কাভার্ড ভ্যান থেকে ৩৩৩ বোতল ফেনসিডল উদ্ধার হয়। আটক হয় নারায়ণপুর গ্রামের মুছা গাজীর ছেলে আলী আকবর (৩০) এবং একই গ্রামের মৃত খালেক মোল্লার ছেলে আব্দুর রহিম (৪৫)। ফেনসিডিলের মালিক বেনাপোলের কাগমারি গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে আলাউদ্দিন (২৫) বলে আটক দু' আসামি জানায়। এ ঘটনায় বেনাপোল পোর্ট থানার মামলা হয়েছে।

FOTON
ACI Motors
বিশ্বের (১) নাম্বার বিক্রিত পিকআপ

মুখ ও দন্ত রোগ বিশেষজ্ঞ এবং সার্জন